লাবিল্ মিরছোয়া-দ্। ১৫। ফাআম্মাল্ ইন্সা-নু ইযা-মাব্তালা-হু রব্বুহূ ফাআক্রমাহূ অনা'আমাহূ ফাইয়াক্বূ লু
আপনার রব সতর্ক দৃষ্টি রাখেন, (১৫) অতঃপর মানুষ তো এরূপ যে, রব মানুষকে পরীক্ষা করে সম্মান ও নেয়ামত প্রদান করলে বলে,

رَبِّىٓ أَكْرَمَنِ ﴿١٦﴾ وَأَمَّآ إِذَا مَا ابْتَلٰهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهٗ ۙ فَيَقُوْلُ رَبِّىٓ أَهَانَنِ ٭

রব্বী ~ আক্‌রমান্‌। ১৬। আম্মা ~ ইযা-মাব্‌তালা-হু ফাক্বদার 'আলাইহি রিয্‌ক্বহূ ফাইয়াক্বূলু রব্বী ~ আহা-নান্‌।
রব আমাকে সম্মানিত করলেন।(১৬) আর পরীক্ষা করে রিযিক সংকীর্ণ করলে বলে, আমার রব আমাকে হীন করলেন।

﴿١٧﴾ كَلَّا بَلْ لَّا تُكْرِمُوْنَ الْيَتِيْمَ ﴿١٨﴾ وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ﴿١٩﴾ وَتَأْكُلُوْنَ

১৭। কাল্লা-বাল্‌ লা-তুক্‌রিমূনাল্‌ ইয়াতীমা। ১৮। অলা-তাহা — দ্বদ্বূনা 'আলা-ত্বোয়া'আ-মিল্‌ মিস্‌কীনি। ১৯। অতা''কুলূ নাত্‌
(১৭) না, তোমরা এতিমকে সম্মান কর না, (১৮) আর মিসকীনের খাদ্যদানে তোমরা উৎসাহিত কর না, (১৯) আর তোমরা

التُّرَاثَ أَكْلًا لَّمًّا ﴿٢٠﴾ وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا ﴿٢١﴾ كَلَّآ إِذَا دُكَّتِ الْأَرْضُ

তুরা-ছা আক্‌লাল্লাম্মাঁও। ২০। অতুহিব্বূনাল্‌ মা-লা হুব্বান্‌ জাম্মা-। ২১। কাল্লা ~ ইযা-দুক্কাতিল্‌ আর্‌দ্বু
উত্তরাধিকারীদের সম্পদ আত্মসাৎ কর। (২০) এবং তোমরা তোমাদের সম্পদকে বেশি ভালবাস। (২১) কখনও নয়, যখন যমীন

دَكًّا دَكًّا ﴿٢٢﴾ وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ﴿٢٣﴾ وَجِآىْءَ يَوْمَئِذٍۢ

দাক্কান্‌ দাক্কাঁও। ২২। অজ্বা — য়া রব্বুকা অল্‌ মালাকু ছোয়াফ্‌ফান্‌ ছোয়াফ্‌ফা-। ২৩। অজ্বী — য়া ইয়াওমায়িযিম্‌
ভেঙ্গে চুরে চূর্ণ- বিচূর্ণ করা হবে, (২২) আর যখন আপনার রব আসবেন, ফেরেশ্‌তারা সারিবদ্ধভাবে উপস্থিত থাকবে (২৩) আর

بِجَهَنَّمَ ۙ يَوْمَئِذٍ يَّتَذَكَّرُ الْإِنْسَانُ وَأَنّٰى لَهُ الذِّكْرٰى ﴿٢٤﴾ يَقُوْلُ

বিজ্বাহান্নামা ইয়াওমায়িযিঁই ইয়াতাযাক্‌কারুল্‌ ইন্‌সা-নু অ আন্না-লাহুয্‌ যিক্‌র-। ২৪। ইয়াক্বূলু
সেদিন জাহান্নাম আনীত হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু তখন এ স্মরণ তার কি উপকারে আসবে ? (২৪) সে বলবে, হায়!

يٰلَيْتَنِىْ قَدَّمْتُ لِحَيَاتِىْ ﴿٢٥﴾ فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗٓ أَحَدٌ ﴿٢٦﴾ وَ

ইয়া-লাইতানী ক্বদ্দাম্‌তু লিহাইয়া-তী-। ২৫। ফা ইয়াওমায়িযিল্লা-ইয়ু'আয্‌যিবু 'আযা-বাহূ ~ আহাদুঁও। ২৬। অ
আর যদি আমার এ জীবনের জন্য পূর্বে কিছু পাঠাতাম? (২৫) সে দিন তাঁর শাস্তির ন্যায় শাস্তি কেউ দিতে পারবে না, (২৬) আর

لَا يُوْثِقُ وَثَاقَهٗٓ أَحَدٌ ﴿٢٧﴾ يٰٓأَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ﴿٢٨﴾ ارْجِعِىْٓ إِلٰى رَبِّكِ

লা-ইয়ুছিক্বু অছা-ক্বহূ ~ আহাদ্‌। ২৭। ইয়া ~ আইইয়াতুহান্নাফ্‌সুল্‌ মুত্ব মায়িন্নাতু। ২৮। র্‌জিঈ ~ ইলা-রব্বিকি
তাঁর বন্ধনের মত কেউ বাঁধতে পারবে না,(২৭) (আল্লাহর অনুগতদের বলা হবে) হে প্রশান্ত আত্মা!(২৮) তুমি তোমরা রবের কাছে ১

رَاضِيَةً مَّرْضِيَّةً ﴿٢٩﴾ فَادْخُلِىْ فِىْ عِبٰدِىْ ﴿٣٠﴾ وَادْخُلِىْ جَنَّتِىْ ٭ ع ৩০ 14 রুকু

র-দ্বিয়াতাম্‌ মার্‌দ্বিয়্যাহ্‌। ২৯। ফাদ্‌খুলী ফী ই'বা-দী। ৩০। অদ্‌খুলী জ্বান্নাতী।
ফিরে আস সন্তুষ্ট ও তাঁর প্রিয়পাত্র হয়ে। (২৯) অতঃপর তুমি আমার বিশিষ্ট বান্দাহ্‌দের শামিল হও, (৩০) আর আমার জান্নাতে প্রবেশ কর।

আয়াত-১৮ঃ আল্লাহ বলেন, তোমরা দরিদ্রকে খাবার দানে না নিজে উৎসাহিত হও আর না অন্যকে উৎসাহিত কর। অথচ দরিদ্রদেরকে খাবার দান করা জ্ঞানী ও ধার্মিক সকলেরই নিকট মানিত একটি সৎকাজ। এটির বিপরীত দুর্ভাগা নির্বোধরা বলে থাকে, যখন আল্লাহই তাকে দেন নি এবং তিনি যখন এতিমের পিতাকে মৃত্যু দিলেন, তখন আমরা কেন তাকে খাদ্য দিব এবং এতিমের উপর দয়া করব। (তাফঃ হক্কানী) আয়াত-২২ঃ হাশরের ময়দানে আল্লাহর আগমন তাঁর গুণাবলী সমূহের একটি গুণ। পূর্ববর্তী নেককারদের মাযহাব এটিই। এটির উপর বিশ্বাস করা কর্তব্য। আয়াত-২৩ঃ 'তাজকার' শব্দের অর্থ বুঝে আসা। অর্থাৎ কাফের সেদিন বুঝতে পারবে যে, দুনিয়াতে তার কি করণীয় ছিল, আর সে কি করেছে। কিন্তু এ বুঝে আসাই তখন নিষ্ফল হবে। কেননা, পরকাল কর্মজগত নয়; বরং কর্মফল প্রদানের জগত। (মাঃ কোঃ)

সূরা বালাদ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২০
রুকূ ঃ ১

(١) لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ (٢) وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ (٣) وَوَالِدٍ وَّمَا وَلَدَ

১। লা ~ উক্ব্‌সিমু বিহা-যাল্ বালাদি। ২। অআন্‌তা হিল্লুম্ বিহা-যাল্ বালাদি। ৩। অওয়া-লিদিঁও অমা-অলাদা
(১) আমি এ শহরের (মক্কা) কসম করছি,(২) আর এ নগরীতে আপনার জন্য যুদ্ধকরা হালাল হবে (৩) কসম জন্মদাতার ও সন্তানের,

(٤) لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْ كَبَدٍ (٥) اَيَحْسَبُ اَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ

৪। লাক্বাদ্ খলাক্ব্‌নাল্ ইন্‌সা-না ফী কাবাদ্। ৫। আ ইয়াহ্‌সাবু আল্লাইঁ ইয়াক্ব্‌দিরা 'আলাইহি
(৪) আর আমি মানুষকে অত্যন্ত শ্রমের মধ্যে সৃষ্টি করেছি, (৫) সে কি মনে করে যে, কখনও কেউ তার ওপর ক্ষমতাশীল

اَحَدٌ (٦) يَقُوْلُ اَهْلَكْتُ مَالًا لُّبَدًا (٧) اَيَحْسَبُ اَنْ لَّمْ يَرَهٗٓ اَحَدٌ (٨) اَلَمْ

আহাদ্। ৬। ইয়াক্বূলু আহ্‌লাকতু মা-লা লুবাদা-।৭। আইয়াহ্‌সাবু আল্লাম্ ইয়ারাহূ ~ আহাদ্। ৮। আলাম্
হবে না? (৬) বলে আমি প্রচুর ধন-সম্পদ ব্যয় করে ফেলেছি,(৭) সে কি মনে করে কেউ তাকে দেখে নি? (৮) আমি কি

نَجْعَلْ لَّهٗ عَيْنَيْنِ (٩) وَلِسَانًا وَّشَفَتَيْنِ (١٠) وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ (١١) فَلَا اقْتَحَمَ

নাজ্‌'আল্ লাহূ 'আইনাইনি। ৯। অলিসা নাওঁ অশাফাতাইনি। ১০। অহাদাইনা-হু ন্নাজ্‌দাইন্। ১১। ফালাক্বতাহামাল্
তার দুটি চোখ সৃষ্টি করি নি? (৯) আর জিহ্বা ও দু ঠোঁট? (১০) আমি কি তাকে দুটি পথ দেখাই নি? (১১) সে তো দুর্গম

الْعَقَبَةَ (١٢) وَمَآ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ (١٣) فَكُّ رَقَبَةٍ (١٤) اَوْ اِطْعٰمٌ فِيْ يَوْمٍ ذِيْ

আ'ক্বাবাহ্।১২। অমা ~ আদ্‌র-কা মাল্ 'আক্বাবাহ্। ১৩। ফাক্কু রক্বাবাতিন্। ১৪। আও ইত্ব্‌'আ-মুন্ ফী ইয়াওমিন্ যী
ঘাঁটি অবলম্বন করে নি। (১২) আপনি কি দুর্গম ঘাটি চিনেন? (১৩) তা হলে কোন দাস মুক্তি, (১৪) বা দুর্ভিক্ষের দিনে

مَسْغَبَةٍ (١٥) يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ (١٦) اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ (١٧) ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ

মাস্‌গাবাতিঁই। ১৫। ইয়াতীমান্ যা-মাক্ব্‌রবাতিন্। ১৬। আও মিস্‌কীনান্ যা-মাত্‌রবাহ্। ১৭। ছুম্মা কা-না মিনাল্লাযীনা
খাদ্য প্রদান করা,(১৫) এতিম স্বজনকে, (১৬) অথবা ধুলি-ধুসরিত মিসকীনকে। (১৭) তদ্পরি এ লোকদের অন্তর্ভুক্ত হয় নি, যারা

اٰمَنُوْا وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ (١٨) اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ

আ-মানূ অতাওয়া ছোয়াও বিছ্‌ছোয়াব্‌রি অতাওয়া ছোয়াওবিল্ মার্‌হামাহ্। ১৮। উলা — য়িকা আছ্‌হ্বুল্ মাইমানাহ্।
ঈমান এনেছে এবং সৎকাজ করেছে আর যারা পরস্পরকে ধৈর্য ও দয়া-মায়ার উপদেশ প্রদান করে। (১৮) তারাই ডানপন্থী।

(١٩) وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ (٢٠) عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ

১৯। অল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিনা-হুম্ আছ্‌হা-বুল্ মাশ্‌য়ামাহ্। ২০। 'আলাইহিম না-রুম্ মু"ছোয়াদাহ্।
(১৯) আর যারা আমার আয়াত প্রত্যাখ্যান করে তারাই বামপন্থী হতভাগা। (২০) তারা আগুনে পরিবেষ্টিত হবে।

ওয়াক্‌ফে লাযেম

১ ع ২০ ১৫ রুকু

সূরা শাম্‌স্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৫
রুকূ ঃ ১

وَالشَّمْسِ وَضُحٰهَا ۝١ وَالْقَمَرِ اِذَا تَلٰهَا ۝٢ وَالنَّهَارِ اِذَا جَلّٰهَا ۝٣ وَ

১। অশ্ শাম্‌সি অ দ্বুহা-হা-। ২। অল্ ক্বমারি ইযা-তালা-হা-। ৩। অন্নাহা-রি ইযা-জাল্লা-হা-। ৪। অল
(১) শপথ সূর্য ও তার কিরণের, (২) আর সূর্যের পশ্চাতে আসা চন্দ্রেরও শপথ (৩) আর সূর্যকে প্রকাশকারী দিবসেরও (৪) আর

الَّيْلِ اِذَا يَغْشٰهَا ۝٤ وَالسَّمَآءِ وَمَا بَنٰهَا ۝٥ وَالْاَرْضِ وَمَا طَحٰهَا ۝٦ وَنَفْسٍ

লাইলি-ইযা ইয়াগ্‌শা-হা-। ৫। অস্‌সামা — য়ি অমা-বানা-হা-। ৬। অল্ আর্‌দ্বি অমা-ত্বোয়াহা-হা-। ৭। অ নাফ্‌সিঁও
সূর্য আচ্ছাদনকারী রাতেরও, (৫) আর আকাশ ও তার নির্মাতার, (৬) আর পৃথিবীর ও সংস্থাপনকারীর, (৭) আর মানবের

وَمَا سَوّٰهَا ۝٧ فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰهَا ۝٨ قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا ۝٩ وَقَدْ

অমা-সাওয়্যা-হা-। ৮। ফায়াল্‌হামাহা-ফুজূ্‌রহা- অতাক্‌ওয়া-হা-। ৯। ক্বদ্ আফ্‌লাহা-মান্ যাক্কা-হা-। ১০। অক্বদ্
ও সুবিন্যস্তকারীর, (৮) যিনি তাকে পাপ-পুণ্যের জ্ঞান দিলেন, (৯) সে সফলকাম, যে নিজেকে পরিশুদ্ধ করল, (১০) আর সেই

خَابَ مَنْ دَسّٰهَا ۝١٠ كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰهَآ ۝١١ اِذِ انْۢبَعَثَ اَشْقٰهَا ۝١٢

খ-বা মান্ দাস্‌সা-হা-। ১১। ক্বায্‌যাবাত্ ছামূদু বিত্বোয়াগ্‌ওয়া-হা ~। ১২। ইযিম্ বা'আছা আশ্‌ক্বা-হা-
ব্যর্থ, যে পাপাচারে কুলুষিত হয়েছে। (১১) ছামূদ নিজের দুষ্টামীর কারণে অবাধ্য হয়ে অস্বীকার করেছিল,(১২) দুষ্ট ব্যক্তি ক্ষিপ্ত হল।

فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ۝١٣ فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا ۝١٤

১৩। ফাক্ব-লা লাহুম্ রসূলুল্লা-হি না-ক্বতাল্লা-হি অসুক্‌ইয়া-হা-। ১৪। ফাকায্‌যাবূহু ফা'আক্বরূহা-
(১৩) অনন্তর আল্লাহর রাসূল তাদেরকে আল্লাহর উষ্ট্রী ও তার পানের ব্যাপারে বলল। (১৪) অনন্তর তারা তা মানল না,

ع ১ ১৫ ১৬ রুকূ

فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا ۝١٥ وَلَا يَخَافُ عُقْبٰهَا ۝١٦

ফাদাম্‌দামা 'আলাইহিম্ রব্বুহুম্ বিযাম্‌বিহিম্ ফাসাওয়্যা-হা-। ১৫। অলা-ইয়াখ-ফু 'উক্‌বা-হা।
বরং তাকে বদ করল তাদের পাপের কারণে রব তাদেরকে সমূলে ধ্বংস করলেন। (১৫) আর পরিণতির ভয় তাঁর নেই।

সূরা লাইল্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২১
রুকূ ঃ ১

وَالَّيْلِ اِذَا يَغْشٰى ۝١ وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ۝٢ وَمَا خَلَقَ الذَّكَرَ

১। অল্লাইলি ইযা-ইয়াগ্‌শা-। ২। অন্নাহা-রি ইযা-তাজ্বাল্লা-। ৩। অমা-খলাক্বায্ যাকার
(১) শপথ রাতের যখন তা আচ্ছন্ন করে ফেলে, (২) আর আলোক উদ্ভাসিত দিনের শপথ, (৩) আর শপথ যিনি সৃষ্টি করেছেন

وَالْأُنْثَىٰ ﴿٤﴾ إِنَّ سَعْيَكُمْ لَشَتَّىٰ ﴿٥﴾ فَأَمَّا مَنْ أَعْطَىٰ وَاتَّقَىٰ ﴿٦﴾ وَصَدَّقَ

অল্উন্‌সা-। ৪। ইন্না সা'ইয়াকুম্ লাশাত্তা-। ৫। ফাআম্মা মান্ আ'ত্বোয়া-অত্তাক্বা-। ৬। অ ছোয়াদ্দাক্বা

নর-নারী তাঁর (৪) নিশ্চয় তোমাদের চেষ্টা ভিন্ন প্রকৃতির (৫) অনন্তর যে দান করে, মুত্তাকী হয়, (৬) আর যা কল্যাণ

بِالْحُسْنَىٰ ﴿٧﴾ فَسَنُيَسِّرُهُ لِلْيُسْرَىٰ ﴿٨﴾ وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَىٰ ★

বিল্‌হুস্‌না-। ৭। ফাসানুইয়াস্‌সিরুহূ লিল্‌ইয়ুস্‌র-। ৮। অআম্মা-মাম্ বাখিলা অস্‌তাগ্‌না-।

তা সত্য বলে বিশ্বাস করে, (৭) অতঃপর তাকে সহজ পথে চলতে দিব। (৮) আর যে কৃপণ এবং নিজেকে বেপরোয়া মনে করে,

﴿٩﴾ وَكَذَّبَ بِالْحُسْنَىٰ ﴿١٠﴾ فَسَنُيَسِّرُهُ لِلْعُسْرَىٰ ﴿١١﴾ وَمَا يُغْنِي عَنْهُ مَالُهُ

৯। অ কায্‌যাবা বিল্‌হুস্‌না-। ১০। ফাসানুইয়াস্‌সিরুহূ লিল্ 'উসরা। ১১। অমা-ইয়ুগ্‌নী 'আন্‌হু মা-লুহূ ~

(৯) উত্তমকে বর্জন করে, (১০) আমি তাকে কঠোর পথে চলতে দিব। (১১) যখন ধ্বংসে পতিত হবে, তখন তার সম্পদ

إِذَا تَرَدَّىٰ ﴿١٢﴾ إِنَّ عَلَيْنَا لَلْهُدَىٰ ﴿١٣﴾ وَإِنَّ لَنَا لَلْآخِرَةَ وَالْأُولَىٰ ★

ইযা-তারাদ্দা-। ১২। ইন্না 'আলাইনা- লাল্‌হুদা-। ১৩। অইন্না লানা- লাল্‌আ-খিরতা অল্ উলা-।

তার কোন কাজে আসবে না। (১২) নিশ্চয়ই আমার দায়িত্ব পথ নির্দেশ করা, (১৩) আর আমিই ইহ-পরকালের মালিক।

﴿١٤﴾ فَأَنْذَرْتُكُمْ نَارًا تَلَظَّىٰ ﴿١٥﴾ لَا يَصْلَاهَا إِلَّا الْأَشْقَى ﴿١٦﴾ الَّذِي كَذَّبَ وَتَوَلَّىٰ ★

১৪। ফাআন্‌যারতুকুম্ না-রান্ তালাজ্‌জোয়া-। ১৫। লা-ইয়াছ্‌লা-হা ~ ইল্লাল্ আশ্‌ক্বা। ১৬। ল্লাযী কায্‌যাবা অতাওয়াল্লা-।

(১৪) অনন্তর আমি তোমাদেরকে লেলিহান অগ্নির সতর্ক করেছি।(১৫) তাতে কেবল তারাই প্রবেশ করবে যারা নিতান্ত হতভাগ্য।

﴿١٧﴾ وَسَيُجَنَّبُهَا الْأَتْقَى ﴿١٨﴾ الَّذِي يُؤْتِي مَالَهُ يَتَزَكَّىٰ ﴿١٩﴾ وَمَا لِأَحَدٍ عِنْدَهُ

১৭। অসাইয়ুজান্নাবুহাল্ আত্‌ক্বা। ১৮। ল্লাযী ইয়ু"তী মা-লাহূ ইয়াতাযাক্কা-। ১৯। অমা-লিআহাদিন্ 'ইন্‌দাহূ

(১৬) আর যে মান্য করে না; বিমুখ।(১৭) মুত্তাকীকে রাখা হবে দূরে। (১৮) আত্মশুদ্ধিতে যে সম্পদ দান করে।(১৯) আর কারও

مِنْ نِعْمَةٍ تُجْزَىٰ ﴿٢٠﴾ إِلَّا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَىٰ ﴿٢١﴾ وَلَسَوْفَ يَرْضَىٰ ★

মিন্ নি'মাতিন্ তুজ্‌যা ~। ২০। ইল্লাব্‌তিগা — য়া অজ্‌হি রব্বিহিল্ 'আলা-। ২১। অলাসাওফা ইয়ার্‌দ্বোয়া-।

অনুগ্রহের প্রতিদান হিসেবে নয়। (২০) কেবল তার রবের সন্তুষ্টি অর্জনের উদ্দেশে। (২১) আর সে সন্তোষ পাবেই।

১ ع ২১ ১৭ রুকু

শানেনুযূল ঃ মক্কার গোত্রপতিদের মধ্যে হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) এবং উমাইয়া ইবনে খলফ এ দু জন ছিলেন অত্যধিক সম্পদশালী। কিন্তু উভয়ে ছিল পরস্পর বিপরীতমুখী। হযরত আবু বকর (রাঃ) ছিলেন মুসলমান এবং নবীদের পরবর্তী স্থানে অন্যান্য সকলের চেয়ে শ্রেষ্ঠ এবং স্বীয় শ্রম-সম্পদ আল্লাহর রাস্তায় উৎসর্গকারী। আর উমাইয়া ইবনে খলফ একেতো ছিল কাফের তদুপরি ছিল কৃপণ ও বে-আদব। হযরত বেলাল (রাঃ) এ বদ ব্যক্তিরই ক্রীতদাস ছিলেন। তিনি গোপনে ঈমান এনেছিলেন। এ কারণে উমাইয়া তাঁর প্রতি নিষ্ঠুর আচরণ করত। হযরত আবুবকর (রাঃ) এটা জানতে পেরে তাঁর গোলাম নিছতাছ রুমী এবং তৎসঙ্গে চল্লিশ আওকিয়া অর্থাৎ চারশত বিশ তোলা চাঁদির বিনিময়ে হযরত বেলাল (রাঃ)-কে খরিদ করে মুক্ত করে দিলেন। এভাবে আরও সাতটি গোলাম বাঁদীকে ক্রয় করে মুক্ত করে দিলেন। একদিন হযরত আবু আকবর (রাঃ) কম্বলাচ্ছিদিত হয়ে বসে আছেন। এমন সময় হযরত জিবরাঈল (আঃ) রসূলুল্লাহ (ছঃ)-এর নিকট এসে বলতে লাগলেন, হে আল্লাহর রাসূল! ওই কম্বল জড়ানো গরীব লোকটিকে আল্লাহ সালাম দিয়েছেন, যিনি স্বীয় সমুদয় সম্পদ আপনার প্রতি অকাতরে বিলিয়ে দিয়েছেন। আল্লাহ পাক এটাও জানতে চেয়েছেন যে, তিনি এ নিঃস্ব অবস্থায়ও কি আমার প্রতি সন্তুষ্ট আছেন, না অন্তরে কোন দুঃখভাব বহন করছেন? রাসূল (ছঃ) যখন এ সংবাদ তাঁর নিকট পৌঁছালেন, তখন তিনি ভাবাবেগে বলতে লাগলেন, আমি আপন পালনকর্তার প্রতি সন্তুষ্ট আছি, সন্তুষ্ট আছি। তখন এ সূরাটি অবতীর্ণ হয়।

৮০৯ -

সূরা দুহা- মক্কাবতীর্ণ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

وَالضُّحٰى ① وَالَّيْلِ اِذَا سَجٰى ② مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ③ وَلَلْاٰخِرَةُ

১। অদ্বদ্বুহা-। ২। অল্লাইলি ইযা- সাজ্বা-। ৩। মা অদ্দা'আকা রব্বুকা অমা- ক্বালা-। ৪। অলাল্ আ-খিরাতু

(১) কসম পূর্বাহ্নের, (২) আর রাতে যখন তা নিস্তব্ধ হয়, (৩) রব আপনাকে না ত্যাগ করেছেন, না শত্রুতা করেছেন। (৪) আর

خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ④ وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى ⑤ اَلَمْ يَجِدْكَ

খাইরুল্লাকা মিনাল্ উলা-। ৫। অলাসাওফা ইয়ু'ত্বীকা রব্বুকা ফাতারদ্বোয়া-। ৬। আলাম্ ইয়াজ্বিদ্‌কা

আপনার জন্য পরকাল ইহকাল হতে উত্তম। (৫) রব আপনাকে অনুগ্রহ দান করবেন, আপনি সন্তুষ্ট হবেন। (৬) তিনি কি

يَتِيْمًا فَاٰوٰى ⑥ وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ⑦ وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى

ইয়াতীমান্ ফাআ-ওয়া-। ৭। অওয়াজ্বাদাকা দ্বোয়া — ল্লান্ ফাহাদা-। ৮। অওয়াজ্বাদাকা 'আ — য়িলান্ ফাআগ্‌না-।

আপনাকে এতিম পেয়ে আশ্রয় দেন নি? (৭) অজানা পেলেন, পরে পথ দেখালেন (৮) নিঃস্ব পেয়ে সম্পদশালী করলেন।

فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ ⑨ وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ⑩ وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ⑪ ১ ع ১১ ১৪ রুকূ

৯। ফাআম্মাল্ ইয়াতীমা ফালা-তাক্বহার্। ১০। অআম্মাস্ সা — য়িলা ফালা-তান্‌হার্। ১১। অ আম্মা - বিনি'মাতি রব্বিকা ফাহাদ্দিছ্।

(৯) সুতরাং এতিমকে ধমক দেবেন না। (১০) প্রার্থীকে ধিক্কার দেবেন না। (১১) রবের নেয়ামতের কথা জানিয়ে দিন।

সূরা আলাম্ নাশ্‌রাহ্ মক্কাবতীর্ণ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ① وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ② الَّذِيْٓ اَنْقَضَ

১। আলাম্ নাশ্‌রাহ্ লাকা ছোয়াদ্‌রাকা। ২। অওয়াদ্বোয়া'না- 'আন্‌কা ওয়িয্‌রাকা। ৩। ল্লাযী ~ আন্‌ক্বাদ্বোয়া

(১) আমি কি আপনার কল্যাণে আপনার বক্ষ প্রসারিত করি নি? (২) আর আপনার বোঝা অপসারিত করেছি, (৩) যা ছিল

ظَهْرَكَ ③ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ④ فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ⑤ اِنَّ مَعَ

জোয়াহ্‌রকা। ৪। অরাফা'না-লাকা যিক্‌রক্। ৫। ফাইন্না মা'আল্ উ'স্‌রি ইয়ুস্‌রান্। ৬। ইন্না মা'আল্

আপনার জন্য কষ্টদায়ক। (৪) আর আপনার খ্যাতিকে সমুন্নত করেছি। (৫) অনন্তর নিশ্চয়ই দুঃখের সাথে রয়েছে স্বস্তি, (৬) অবশ্যই দুঃখের

শানেনুযূল ঃ সূরা দুহা ঃ হুযূর (ছঃ) যখন অসুস্থ হয়ে পড়েছিলেন তখন দুই তিন রাত ইবাদতের জন্য উঠতে পারেন নি। জনৈক কাফির স্ত্রীলোক তাঁকে বলল, আপনার খোদা আপনাকে ত্যাগ করেছে, ঘটনাক্রমে তখন কিছুদিন ওহী অবতরণও বন্ধ ছিল। কাফিররা বলতে লাগল, মুহাম্মদের খোদা মুহাম্মদকে ত্যাগ করেছে, এ প্রসঙ্গেই এ সূরাটি অবতীর্ণ হয়। (বঃ কোঃ)

সূরা ইন শিরাহ ঃ আয়াত-৬ ঃ রাসূল (ছঃ) -এর জন্মের পূর্বেই তাঁর পিতা মৃত্যুবরণ করেন। ছয় মাস বয়সে মাতাও দুনিয়া হতে বিদায় নেন। তারপর আট বছর বয়স পর্যন্ত স্নেহশীল দাদা আবদুল মুত্তালিবের অভিভাবকত্বে প্রতিপালিত হতে থাকেন। অবশেষে বাহ্যিক প্রতিপালনের সৌভাগ্য তাঁর চাচা আবূ তালিবের ভাগ্যে আসে। তিনি মৃত্যু পর্যন্ত তাঁর সাহায্য সহানুভূতিতে কোন ত্রুটি করেন নি।

১ ع ৮ ১৯ রুকু

الْعُسْرِ يُسْرًا ۝٦ فَإِذَا فَرَغْتَ فَانْصَبْ ۝٧ وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ ۝٨

উ'স্‌রি ইয়ুস্‌রা-। ৭। ফাইযা-ফারাগ্‌তা ফান্‌ছোয়াব্। ৮। অইলা-রব্বিকা ফার্‌গব্।

সাথে রয়েছে স্বস্তি (৭) অতঃপর আপনি অবসর পেলেই সাধনা করবেন। (৮) আর আপনার রবের প্রতি আকৃষ্ট হবেন।

সূরা ত্বীন্

মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ ۝١ وَطُوْرِ سِيْنِيْنَ ۝٢ وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ ۝٣

১। অত্তীনি অয্‌যাইতূনি। ২। অত্বূরি সীনীনা। ৩। অহা-যাল্ বালাদিল্ আমীন।

(১) আর কসম তানজীন ও যাইতুনের, (২) আর শপথ সিনাইয়ে অবস্থিত তূরের (৩) আর এ নিরাপদ শহরের শপথ

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْۤ اَحْسَنِ تَقْوِيْمٍ ۝٤ ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ

৪। লাক্বদ্ খলাক্ব্‌নাল্ ইন্‌সা-না ফী আহ্‌সানি তাক্ব্‌ওয়ীম্। ৫। ছুম্মা রদাদ্‌না-হু আস্‌ফালা

(৪) নিশ্চয়ই আমি মানুষকে সুন্দর অবয়বে সৃষ্টি করেছি। (৫) অতঃপর আমি তাকে ফিরিয়ে দেই হীন থেকে হীনতম

سٰفِلِيْنَ ۝٥ اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ

সা-ফিলীন। ৬। ইল্লাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি ফালাহুম্ আজ্‌রুন্ গইরু

অবস্থায় (৬) যারা ঈমান এনেছে এবং নেক কাজ করেছে তারা ব্যতীত, তাদের জন্য রয়েছে এমন শুভফল যা কখনও

১ ع ৮ ২০ রুকু

مَمْنُوْنٍ ۝٦ فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ ۝٧ اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ ۝٨

মাম্‌নূন্। ৭। ফামা- ইয়ুকায্‌যিবুকা বা'দু বিদ্দীন্। ৮। আলাইসাল্লা-হু বিআহ্‌কামিল্ হা-কিমীন্।

নিঃশেষ হবার নয়। (৭) এরপর কোন বস্তু কর্মফল সম্পর্কে তোমাকে অবিশ্বাসী করছে ? (৮) আল্লাহ কি শ্রেষ্ঠ বিচারক নন?

সূরা 'আলাক্

মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ ۝١ خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۝٢ اِقْرَاْ وَ

১। ইক্বরা" বিস্‌মি রব্বিকাল্লাযী খলাক্ব্। ২। খলাকাল্ ইন্‌সা-না মিন্ 'আলাক্। ৩। ইক্বর" অ

(১) পড়ুন, আপনার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন। (২) যিনি মানুষকে রক্তপিণ্ড হতে সৃষ্টি করেছেন, (৩) পড়ুন,

সূরা তীন্ ঃ আয়াত-৫ ঃ অর্থাৎ যৌবনের সেই অনুপম সুশ্রী ও সবল সুঠাম দেহ অসুন্দর ও দুর্বল হিসাবে পরিবর্তন হয়ে যায়। এটি পুনঃ জীবিত হওয়ার সত্যতার পক্ষে একটি নিদর্শন। চিন্তা করলে যা বুঝা যায়। এ অর্থও হতে পারে, আমি মানুষকে সৃষ্টির সেরা হিসাবে সৃষ্টি করেছি। কিন্তু এ শ্রেষ্ঠত্ব সে সময় পর্যন্ত বর্তমান থাকবে যে পর্যন্ত তার মানবতা পূর্ণ স্বভাব বিদ্যমান থাকে অর্থাৎ স্বীয় স্রষ্টাকে স্বীকার করে এবং তাঁর প্রতি আনুগত্য বজায় রাখা। কিন্তু স্বীয় স্রষ্টা ও পালনকর্তার ব্যাপারে কুফুরীর পন্থা অবলম্বন করলে পশু অপেক্ষাও অধঃপতিত হয়ে জাহান্নামের ইন্ধন হবে। অবশ্য যারা স্বভাব চরিত্রে শ্রেষ্ঠত্ব বজায় রাখতে যত্নবান হয় এবং সৎকর্ম পরায়ণ হয় তারা যথাযথভাবে সৃষ্টির সেরা জাতি হিসাবে থাকবে।

رَبُّكَ الْأَكْرَمُ ۝٤ الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ ۝٥ عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝٦ كَلَّا إِنَّ

রব্বুকাল্ আকরমু। ৪। ল্লাযী 'আল্লামা বিল্‌ক্বলামি।৫। 'আল্লামাল্ ইন্‌সা-না মা-লাম্ ইয়া'লাম্। ৬। কাল্লা ~ ইন্নাল্
আপনার রব সম্মানিত। (৪) যিনি কলম দ্বারা শিখিয়েছেন, (৫) মানুষকে শিখালেন তার অজানাকে (১) (৬) না, মানুষই

الْإِنْسَانَ لَيَطْغَىٰ ۝٧ أَنْ رَآهُ اسْتَغْنَىٰ ۝٨ إِنَّ إِلَىٰ رَبِّكَ الرُّجْعَىٰ ⋆

ইন্‌সা-না লাইয়াত্ব্‌গ ~। ৭। আর্‌রয়াহুস্ তাগ্‌না-। ৮। ইন্না ইলা- রব্বিকার্ রুজ্‌'আ-।
সীমালংঘণকারী। (৭) তা এ কারণে যে, সে নিজেকে অমুখাপেক্ষী দেখে। (৮) নিশ্চয়ই রবের কাছে সকলকে ফিরতে হবে।

۝٩ أَرَأَيْتَ الَّذِي يَنْهَىٰ ۝١٠ عَبْدًا إِذَا صَلَّىٰ ۝١١ أَرَأَيْتَ إِنْ كَانَ

৯। আরয়াইতাল্লাযী ইয়ান্‌হা-। ১০। 'আব্‌দান্ ইযা-ছোয়াল্লা-। ১১। আরয়াইতা ইন্ কা-না
(৯) তুমি কি তাকে দেখেছ যে বাধা প্রদান করে? (১০) আমার এক বান্দাকে, যখন নামায পড়ে। (১১) দেখেছ কি, যদি

عَلَى الْهُدَىٰ ۝١٢ أَوْ أَمَرَ بِالتَّقْوَىٰ ۝١٣ أَرَأَيْتَ إِنْ كَذَّبَ وَتَوَلَّىٰ ۝١٤ أَلَمْ يَعْلَمْ

'আলাল্ হুদা ~। ১২। আও আমার বিত্তাক্ব্‌ওয়া-। ১৩। আরয়াইতা ইন্‌কায্‌যাবা অতাওয়াল্লা-। ১৪। আলাম্ ইয়া'লাম্
সুপথে থাকে, (১২) বা তাক্‌ওয়ার আদেশ দেয়,(১৩) দেখেছ কি মিথ্যারোপকারীকে ও যে মুখ ফিরায়? (১৪) সে কি জানে

بِأَنَّ اللَّهَ يَرَىٰ ۝١٥ كَلَّا لَئِنْ لَمْ يَنْتَهِ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ ۝١٦ نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ⋆

বিআন্নাল্লা-হা ইয়ার-। ১৫। কাল্লা-লায়িল্লাম্ ইয়ান্‌তাহি লানাস্‌ফা'আম্ বিন্না-ছিয়াতি ১৬। না-ছিয়াতিন্ কা-যিবাতিন্ খত্বিয়াহ্।
না যে, আল্লাহ দেখেন?(১৫) না, বিরত না হলে কপালের কেশগুচ্ছ ধরে টেনে নিব.(১৬) মিথ্যাবাদী, অপরাধীর কপাল।

সেজদা

۝١٧ فَلْيَدْعُ نَادِيَهُ ۝١٨ سَنَدْعُ الزَّبَانِيَةَ ۝١٩ كَلَّا لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ⋆

১৭। ফাল্ ইয়াদ্‌'উ না-দিয়াহূ। ১৮। সানাদ্‌'উয্ যাবা-নিয়াতা। ১৯। কাল্লা-; লা তুত্বি'হু অস্‌জুদ্ ওয়াক্ব্‌তারিব্।
(১৭) সে শহচরদের ডাকুক। (১৮) আমি জাহান্নামের প্রহরী ডাকব। (১৯) না, তার কথা শুনবেন না, সেজদা করুন, নিকটে আসুন।

সিজ্দাহ্-১৪ ع ১ ১৯ ২১ রুকূ

সূরা ক্বাদ্‌র মক্কাবতীর্ণ	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ **বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম** পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে	আয়াত ঃ ৫ রুকূ ঃ ১

۝١ إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ ۝٢ وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ⋆

১। ইন্না ~ আন্‌যাল্‌না-হু ফী লাইলাতিল্ ক্বদ্‌র্। ২। অমা ~ আদ্‌র-কা মা-লাইলাতুল্ ক্বদ্‌র্।
(১) নিশ্চয়ই আমি এটা (কোরআন) কদর-রাতে নাযীল করলাম। (২) আর আপনি কি জানেন, মহিমান্বিত রাত কি?

শানেনুযূল ঃ সূরা কদর ঃ ইবনে আবী হাতেম (রাঃ)- থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ছঃ) একবার বনী ইসরাঈলের জনৈক মুজাহিদ সম্পর্কে আলোচনা করলেন। সে এক হাজার মাস পর্যন্ত অবিরাম জিহাদে মশগুল থাকে এবং কখনও অস্ত্র সংবরণ করে নি। মুসলমানরা একথা শুনে বিস্মিত হলে এ সূরা নাযিল হয়। এতে এ উম্মতের জন্যে শুধু এক রাতের ইবাদতই সে মুজাহিদের এক হাজার মাসের ইবাদত অপেক্ষা শ্রেষ্ঠ প্রতিপন্ন করা হয়েছে। ইবনে জরীর (রঃ) অপর একটি ঘটনা এভাবে উল্লেখ করেছেন যে, বনী-ইসরাঈলের জনৈক ব্যক্তি সারা রাত ইবাদতে মশগুল থাকত ও সকাল হতেই জিহাদের জন্যে বের হয়ে যেত এবং সারাদিন জিহাদ লিপ্ত থাকত। সে এক হাজার মাস এভাবে পার করে দেয়। এ প্রেক্ষিতেই আল্লাহ তা'আলা এ সুরা নাযিল করে এ উম্মতের শ্রেষ্ঠত্ব প্রমান করেছেন। (মাযহারী)

ওয়াক্বফুন্নবী (ছাঃ) ১ ع ৫/২২ রুকু • তিন চতুর্থাংশ আ'আনাক্বী-১৮

لَيْلَةُ الْقَدْرِ ۵ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۴ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ

৩। লাইলাতুল্ ক্বদ্‌রি খাইরুম্ মিন্ আল্‌ফি শাহ্‌র্ । ৪। তানায্‌যালুল্ মালা — য়িকাতু অর্‌রূহু

(৩) কদর (মহিমান্বিত) রাত, হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ। (৪) সে রাতে প্রত্যেক বরকত পূর্ণ বিষয় নিয়ে ফেরেশতা ও

فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ۚ مِّنْ كُلِّ اَمْرٍ ۵ سَلٰمٌ ۛ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ

ফীহা- বিইয্‌নি রব্বিহিম্ মিন্ কুল্লি আম্‌র্। ৫। সালা-মুন্ হিয়া হাত্তা- মাত্ব্‌লাই'ল্ ফাজ্‌র্।

রূহ (জিব্রাঈল) (দুনিয়াতে) অবতীর্ণ হয়, স্বীয় রবের নির্দেশে। (৫) সে রাতে সম্পূর্ণ শান্তি, ফজর পর্যন্ত বিরাজিত থাকে।

সূরা বাইয়্যিনাহ্ মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

١ لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ مُنْفَكِّيْنَ حَتّٰى

১। লাম্ ইয়াকুনিল্লাযীনা কাফারূ মিন্ আহ্‌লিল্ কিতা-বি অল্ মুশ্‌রিকীনা মুন্‌ফাক্কীনা হাত্তা-

(১) কিতাবীদের মধ্যকার কাফেররা ও মুশরিকরা কিছুতেই কুফরী করা থেকে কখনও বিচ্ছিন্ন হয় নি, যতক্ষণ না তাদের

تَاْتِيَهُمُ الْبَيِّنَةُ ۱ رَسُوْلٌ مِّنَ اللّٰهِ يَتْلُوْا صُحُفًا مُّطَهَّرَةً ۲ فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ ۳ وَمَا

তা"তিয়াহুমুল্ বাইয়্যিনাতু ।২। রসূলুম্ মিনাল্লা-হি ইয়াত্‌লূ ছুহুফাম্ মুত্বোয়াহ্‌হারতান্। ৩। ফীহা-কুতুবুন্ ক্বাইয়িমাহ্ ৪। অ মা-

নিকট সুস্পষ্ট প্রমাণ আসে। (২) আল্লাহ হতে রাসূল, যে পবিত্র গ্রন্থ পড়ে। (৩) তাতে রয়েছে সঠিক বিধান। (৪) আর

تَفَرَّقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ ۴ وَمَآ اُمِرُوْٓا اِلَّا

তাফার্‌রাক্বাল্লাযীনা উতুল্ কিতা-বা ইল্লা- মিম্ বা'দি মা-জ্বা — য়াত্‌হুমুল্ বাইয়িনাহ্। ৫। অমা-

যাদেরকে কিতাব দেয়া হয়েছিল, তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসার পর তারা বিভিন্ন দলে বিভক্ত হল। (৫) অথচ তারা

لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۙ۵ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ

উমিরূ ~ ইল্লা-লিইয়া'বুদুল্লা-হা মুখ্‌লিছীনা লাহুদ্দীনা হুনাফা — য়া অইয়ুক্বীমুছ্ ছলা-তা অইয়ু'তুয্ যাকা-তা অযা-লিকা

আদিষ্ট হয়েছিল বিশুদ্ধ চিত্তে এবং নিষ্ঠার সাথে তাঁর ইবাদত করতে। নামায কায়েম করবে এবং যাকাত প্রদান করবে এটাই

دِيْنُ الْقَيِّمَةِ ۶ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ

দীনুল্ ক্বাইয়িমাহ্। ৬। ইন্নাল্লাযীনা কাফারূ মিন্ আহ্‌লিল্ কিতা-বি অল্‌মুশ্‌রিকীনা ফী না-রি জ্বাহান্নামা

সঠিক দ্বীন। (৬) নিশ্চয়ই কিতাবীদের মধ্যে যারা কুফরীতে লিপ্ত রয়েছে ও মুশরিকরা স্থায়ীভাবে জাহান্নামের আগুনে

লায়লাতুল কদরের অর্থ ঃ কদরের এক অর্থ মাহাত্ম্য ও সম্মান। কেউ কেউ এস্থলে এ অর্থই নিয়েছেন। এর মাহাত্ম্য ও সম্মানের কারণে একে 'লায়লাতুল কদর' তথা মহিমান্বিত রাত বলা হয়। আবু বকর ওয়াররাক বলেনঃ এ রাতকে লায়লাতুল কদর বলার কারণ হল, আমল না করার কারণে এর পূর্বে যার কোন সম্মান ও মূল্য ছিল না, সে এ রাতে তওবা ও ইবাদতের মাধ্যমে সম্মানিতও হয়ে যায়। কদরের আরেক অর্থ তকদীর এবং আদেশও হয়ে থাকে। এ রাতে পরবর্তী এক বছরের অবধারিত বিধিলিপি ব্যবস্থাপক ও প্রয়োগকারী ফেরেশতাদের কাছে হস্তান্তর করা হয় তাতে প্রত্যেক মানুষের বয়স, মৃত্যু, রিযিক, বৃষ্টি ইত্যাদির পরিমাণ নির্দিষ্ট ফেরেশতাদেরকে লিখে দেয়া হয়। হযরত ইবনে আব্বাস (রাঃ)-এর মতে ইসরাফিল, মীকাঈল, আজরাঈল ও জিবরাঈল (আঃ)। ফেরেশতাকে এসকল কাজ সোপর্দ করা হয়। (কুরতুবী)

خٰلِدِيْنَ فِيْهَآ ؕ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ۝٦ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ

খ-লিদীনা ফীহা-; উলা — য়িকা হুম্ শার্‌রুল্ বারিয়্যাহ্। ৭। ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া 'আমিলুছ্ ছোয়া-লিহা-তি
অবস্থান করবে, তারাই অধম সৃষ্টির মধ্যে নিকৃষ্টতম। (৭) নিশ্চয়ই যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, তারাই

اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ۝٧ جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

উলা — য়িকাহুম্ খইরুল্ বারিয়্যাহ্। ৮। জ্বাযা — য়ুহুম্ 'ইন্দা রব্বিহিম্ জান্না-তু 'আদ্‌নিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্
সৃষ্টির সেরা। (৮) তাদের রবের কাছেই রয়েছে তাদের প্রতিদান, অনন্তকাল বসবাসের জন্য জান্নাত, যার পাদদেশ দিয়ে প্রবাহিত ১

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهٗ ۝ ع ৮ ২৩

আন্‌হা-রু খ-লিদীনা ফীহা ~ আবাদা-; রদ্বিয়াল্লা-হু 'আন্‌হুম্ অরদ্বূ 'আন্‌হু; যা-লিকা লিমান্ খশিয়া রব্বাহ্। রুকু
থাকবে নহরসমূহ। আল্লাহ তাদের উপর সন্তুষ্ট, তারাও আল্লাহ্‌র উপর সন্তুষ্ট; এটা তার জন্য, যে নিজ রবকে ভয় করে।

সূরা যিলযা-ল্ মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

۝١ اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا ۝٢ وَاَخْرَجَتِ الْاَرْضُ اَثْقَالَهَا ۝٣ وَقَالَ

১। ইযা-যুল্‌যিলাতিল্ আরদ্বু যিল্‌যা-লাহা-। ২। অআখ্‌রজ্বাতিল্ আরদ্বু আছ্‌ক্বা-লাহা-। ৩। অক্বা-লাল্
(১) পৃথিবীকে যখন ভীষণভাবে প্রকম্পিত করা হবে, (২) যখন ভূমি তার বোঝা বের করে দিবে, (৩) আর তখন লোকেরা

الْاِنْسَانُ مَا لَهَا ۝٤ يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا ۝٥ بِاَنَّ رَبَّكَ اَوْحٰى لَهَا ؕ

ইনসা-নু মা- লাহা-। ৪। ইয়াওমায়িযিন্ তুহাদ্দিছু আখ্‌বা-রহা-। ৫। বিআন্না রব্বাকা আওহা-লাহা-।
বলবে, তার কি হল? (৪) সে দিন তার সকল খবর বলবে। (৫) তা একারণে যে, তার রব তাকে এরূপ আদেশই দিবেন।

۝٦ يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا ۙ لِّيُرَوْا اَعْمَالَهُمْ ۝٧ فَمَنْ يَّعْمَلْ

৬। ইয়াওমায়িযিঁই ইয়াছ্‌দুরু ন্না-সু আশ্‌তা-তাল্ লিইয়ুরাও আ'মা-লাহুম্। ৭। ফামাইঁ ইয়া'মাল্
(৬) মানুষ সে দিন দলে দলে বিভক্ত হয়ে বের হবে, যাতে নিজের আমলের প্রতিফলন দেখতে পায়। (৭) অতঃপর অণু ১

مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ ۝٨ وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ۝ ع ৮ ২৪

মিছ্‌ক্বা-লা যার্‌রতিন্ খইরাঁই ইয়ারহ্। ৮। অমাইঁ ইয়া'মাল্ মিছ্‌ক্বা-লা যার্‌রতিন্ শার্‌রইঁ ইয়ারহ্ রুকু
পরিমাণ নেক আমলকারীও তা অবলোকন করতে পারবে, (৮) আর অণু পরিমাণ বদ কাজ করলেও তা দেখতে পাবে।

আয়াত-২ ঃ কিয়ামতের পূর্বে যমীনের অভ্যন্তরস্ত সমুদয় ধন-সম্পদ, স্বর্ণ, রৌপ্য ইত্যাদি যমীন উদগিরণ করে দিবে।
আয়াত-৩ ঃ অর্থাৎ মানুষ জীবিত হওয়ার এবং ভূকম্পনের এসব নিদর্শন দেখার পর, অথবা তাদের আত্মা ঠিক ভূকম্পনের সময় আশ্চার্যান্বিত হয়ে বলবে, এ যমীনের কি হল যে, এ তো জোরে প্রকম্পিত হতে লাগল। আর নিজ অভ্যন্তরের সমুদয় বস্তু নিক্ষেপ করে দিল। (ফাওঃ ওছঃ) আয়াত-৬ ঃ অর্থাৎ সে দিন মানুষ নিজ নিজ সমাধি হতে বিভিন্ন দলে দলবদ্ধ হয়ে হাশর ময়দানে উপস্থিত হবে। একদল মদ্য পায়ীদের, একদল চোরদের, একদল জালিমদের, এভাবে বিভিন্ন দলে বিভক্ত হয়ে অথবা মানুষ হিসাব-নিকাশান্তে কোন দল জাহান্নামের অধিবাসী এবং কোন দল জান্নাতবাসী হয়ে দোযখে ও বেহেস্তে প্রত্যাবর্তন করবে। (ফাওঃ ওছঃ)

সূরা 'আ-দিয়াত্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

۝١ وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۝٢ فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۝٣ فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۝٤ فَاَثَرْنَ

১। অল্ 'আ- দিয়া-তি দ্বোয়াব্‌হান্ ২। ফাল্ মূরিয়া-তি ক্বাদ্‌হান্ ৩। ফাল্‌মুগীর-তি ছুব্‌হান্ ৪। ফাআছার্‌না-
(১) কসম সেই অশ্বের যখন সে হাঁফাতে হাঁফাতে দৌড়ায়, (২) পরে স্ফুলিঙ্গ ছড়ায়, (৩) প্রভাতকালে আক্রমণ করে, (৪) তখন

بِهٖ نَقْعًا ۝٥ فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۝٦ اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۝٧ وَاِنَّهٗ عَلٰى

বিহী নাক্ব্‌আ'ন্। ৫। ফাওয়াসাত্ব্‌না বিহী জাম্'আন্। ৬। ইন্নাল্ ইন্‌সা-না লিরব্বিহী লাকানূদ্। ৭। অইন্নাহূ 'আলা-
তা ধূলি উড়ায়, (৫) অতঃপর শত্রুব্যূহের অভ্যন্তরে ঢুকে পড়ে। (৬) নিশ্চয়ই মানুষ তার রবের অকৃতজ্ঞ। (৭) আর নিশ্চয়ই

ذٰلِكَ لَشَهِيْدٌ ۝٨ وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ۝٩ اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا

যা-লিকা লাশাহীদ্। ৮। অইন্নাহূ লিহুব্বিল্ খইরি লাশাদীদ্। ৯। আফালা- ইয়া'লামু ইযা-বু'ছিরা মা-
এটা তার নিজেরই জানা। (৮) আর সে ধন সম্পদকে বেশি বেশি ভালবাসে। (৯) তার কি সেই সময়টি জানা নেই, যখন কবরবাসী

১ ع ১১ ২৫ রুকু

فِى الْقُبُوْرِ ۝١٠ وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ ۝١١ اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ

ফিল্ ক্বুবুরি ১০। অহুছ্‌ছিলা মা-ফিছ্ ছুদূরি।১১। ইন্না রব্বাহুম্ বিহিম্ ইয়াওমায়িযিল লাখবীর্।
উত্থিত হবে? (১০) অন্তরে যা আছে তা প্রকাশিত হবে? (১১) তাদের ব্যাপারে তাদের রব সে দিন ভালভাবে জানবেন।

সূরা ক্বা-রি'আহ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১
রুকূ ঃ ১

۝١ اَلْقَارِعَةُ ۝٢ مَا الْقَارِعَةُ ۝٣ وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ۝٤ يَوْمَ يَكُوْنُ النَّاسُ

১। আল্‌ক্বা-রি'আতু ২। মাল্‌ক্বা-রি'আহ্। ৩। অমা ~ আদ্‌র-কা মাল্‌ক্বা-রি'আহ্। ৪। ইয়াওমা ইয়াকূনুন্না-সু
(১) মহা প্রলয়, (২) সেই মহা প্রলয় কি? (৩) আপনি কি জানেন সে মহা প্রলয় সম্পর্কে ?(৪) সেদিন লোকেরা সব ইতস্ততঃ

كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ۝٥ وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ۝٦ فَاَمَّا

কাল্‌ফার শিল্ মাব্‌ছূছি। ৫। অতাকূনুল্ জ্বিবা-লু কাল্ ই'হ্‌নিল্ মান্‌ফূশ্। ৬। ফাআম্মা-
বিক্ষিত পঙ্গ পালের ন্যায় হয়ে যাবে, (৫) আর পাহাড়সমূহ ধূনিত রঙ্গিন পশমের ন্যায় হয়ে যাবে, (৬) অতঃপর যার

আয়াত-৫ ঃ এটা অশ্বের কসম নয়; বরং অশ্বারোহীর শপথ। কারণ, বান্দাহর কোন আ'মল এ হতে বড় হতে পারে, যে আমলে সে আল্লাহ্‌র রাস্তায় প্রাণ দিতে প্রস্তুত। (মুঃ কোঃ) আয়াত-৭ ঃ অর্থাৎ মানুষ তার অকৃতজ্ঞতার উপর নিজ অবস্থার ভাষায় নিজেই সাক্ষী। (জাঃ বয়াঃ)
আয়াত-১ ঃ 'কারিয়াহ' শব্দের অর্থ করাঘাতকারী শব্দ বলে কিয়ামত তথা মহাপ্রলয়কে বুঝানো হয়েছে। (ফতঃ বয়াঃ) আয়াত-৫ ঃ অর্থাৎ সে দিন মানুষ হীনতা ও অস্থিরতা এবং সিঙ্গায় ফুক দানকারীর প্রতি দ্রুত ধাবিত হওয়ার দিক দিয়ে এরূপ হবে যেরূপ পতঙ্গ আগুনের প্রতি দ্রুত ধাবিত হয়। (জাঃ বয়াঃ) আয়াত-১১ ঃ হুযূর (ছঃ) বললেন, মানব সন্তান যে আগুন জ্বালায়ে থাকে, তার নরকাগ্নির ৭০ ভাগের একভাগ। সাহাবারা বললেন, হে আল্লাহর রাসূল! এই তো যথেষ্ট ছিল। তিনি বললেন, সে আগুন এ আগুন হতে উনসত্তর গুণ বেশি তেজস্বী। (ইবঃ কাঃ)

مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ۝٧ فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ۝٨ وَاَمَّا مَنْ خَفَّتْ

মান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহূ।৭। ফাহুওয়া ফী ঈ'শাতির্ রা-দ্বিয়াহ্ ৮। অআম্মা- মান্ খাফ্ফাত্

(ঈমানের) পাল্লা ভারী হবে,(৭) অতঃপর সে তো সন্তোসজনক জীবন লাভ করবে,(৮) আর যার (ঈমানের) পাল্লা হাল্কা

مَوَازِيْنُهٗ ۝٩ فَاُمُّهٗ هَاوِيَةٌ ۝١٠ وَمَآ اَدْرٰىكَ مَا هِيَهْ ۝١١ نَارٌ حَامِيَةٌ ۝

মাওয়া-যীনুহূ। ৯। ফাউম্মুহূ হা-ওয়িয়াহ্। ১০। অমা ~ আদ্‌রা-কা মা-হিয়াহ্ ১১। না-রুন্ হা-মিয়াহ্।

হবে। (৯) অনন্তর তার বাসস্থান হবে হাবিয়ায় (১০) আপনি কি জানেন তা (হাবিয়া) কি? (১১) তা হল, এক উত্তপ্ত অগ্নি।

১ ع ১১ ২৬ রুকু

সূরা তাকা-ছুর্ মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮
রুকূ ঃ ১

اَلْهٰكُمُ التَّكَاثُرُ ۝١ حَتّٰى زُرْتُمُ الْمَقَابِرَ ۝٢ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۝٣ ثُمَّ

১। আল্‌হা-কুমুত্ তাকা-ছুরু ২। হাত্তা-যুর্‌তুমুল্ মাক্বা-বির্। ৩। কাল্লা-সাওফা তা'লামূনা ৪। ছুম্মা

(১) তোমাদেরকে প্রাচুর্যের লালসা ভুলিয়ে রাখে। (২) কবরে যাওয়া পর্যন্ত। (৩) না, শীঘ্রই তোমরা জানবে। (৪) আবারও

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ ۝٤ كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ ۝٥ لَتَرَوُنَّ الْجَحِيْمَ

কাল্লা-সাওফা তা'লামূন্। ৫। কাল্লা-লাও তা'লামূনা ই'ল্‌মাল্ ইয়াক্বীন্। ৬। লাতারাউন্নাল্ জ্বাহীমা

বলছি, না, শীঘ্রই তোমরা জানতে পারবে। (৫) কখনই নয়, যদি তোমরা নিশ্চিত জানতে। (৬) তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে;

১ ع ৮ ২৭ রুকু

ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ۝٧ ثُمَّ لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ النَّعِيْمِ

৭। ছুম্মা লাতারাউন্নাহা-'আইনাল্ ইয়াক্বীন। ৮। ছুম্মা লাতুস্‌য়ালুন্না ইয়াওমায়িযিন্ 'আনিন্নাঈ'ম্।

(৭) তারপর, তোমরা তা চাক্ষুষ দর্শন করবে। (৮) পরে সেদিন তোমরা অবশ্যই নিয়ামত সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

সূরা 'আছ্‌র্ মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

وَالْعَصْرِ ۝١ اِنَّ الْاِنْسَانَ لَفِيْ خُسْرٍ ۝٢ اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا

১। অল্ 'আছ্‌রি ২। ইন্নাল্ ইন্‌সা-না লাফী খুস্‌রিন্ ৩। ইল্লাল্লাযীনা আ-মানূ

(১) কালের শপথ, (২) মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে নিমজ্জিত রয়েছে, (৩) ঐ সকল লোক ব্যতীত যারা ঈমান এনেছে,

শানেনুযূল ঃ সূরা তাকাছুর ঃ কুরাইশ বংশে দুটি গোত্র ছিল। একটি বনু আবদে মানাফ যাদের মধ্যে নবী করীম (ছঃ) জন্মগ্রহণ করেছিলেন। অপর গোত্র হল বনু ছাহামের যাদের সরদার ছিল আছ ইবনে ওয়ায়েল। একদিন এ গোত্রদ্বয় পরস্পরের সাথে গর্ব করে একে অপরকে বলতে লাগল, আমরা ধন-সম্পদ ও জনসংখ্যায় তোমাদের অপেক্ষা অধিক। অবশেষ পরিসংখ্যান করে দেখা গেল বনু আবদে মানাফ সংখ্যাগরিষ্ঠ। তখন বনু ছাহাম গোত্রপতি বলল, আমাদের গোত্র বাহাদুর বিধায় সর্বদা যুদ্ধে লিপ্ত থাকায় যুদ্ধে তাদের জীবনবসান হয়, তাই তাদেরও পরিসংখ্যান করতে হবে। অতঃপর তাদের সমাধি স্থলে গিয়ে জীবিত ও মৃত সকলের আদমশুমারী হল। তখন বনু ছাহামই সংখ্যাগরিষ্ঠ হয়ে গেল। আল্লাহ তা'আলা তাদের এ বৃথা কর্ম-কাণ্ডের দুর্ণাম করে এ সূরাটি নাযীল করেন।

১ ع ৭ ২৮ রুকু

وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوْا بِالْحَقِّ ۙ وَتَوَاصَوْا بِالصَّبْرِ ۝

ওয়া 'আমিলুছ্ ছোয়া -লিহা-তি অতাওয়া- ছোয়াও বিল্ হাক্ব্ কি অ তাওয়া-ছোয়াওবিছ্ ছোয়াব্‌র্।

নেক কাজ করে, এবং একে অন্যকে সত্যের উপদেশ প্রদান করতে থাকে ও একে অন্যকে ধৈর্যের উপদেশ প্রদান করে।

সূরা হুমাযাহ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৯
রুকূ ঃ ১

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ۝١ الَّذِىْ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۝٢

১। অইলুল্লি কুল্লি হুমাযা-তি লুমাযাতি। ২। নিল্লাযী জ্বামা'আ মা-লাওঁ অ'আদ্দাদাহূ।

(১) ধ্বংস এমন প্রত্যেক ব্যক্তির যে, সম্মুখে ও পশ্চাতে পরনিন্দা করে। (২) যে অধিক লোভে অর্থ জমায় এবং বারবার গণনা করে।

يَحْسَبُ اَنَّ مَالَهٗٓ اَخْلَدَهٗ ۝٣ كَلَّا لَيُنْۢبَذَنَّ فِى الْحُطَمَةِ ۝٤ ؗ

৩। ইয়াহ্‌সাবু আন্না মা- লাহূ ~ আখ্‌লাদাহ্। ৪। কাল্লা-লাইয়ুম্‌বাযান্না ফিল্ হুত্বোয়ামাহ্।

(৩) সে মনে করে যে, সম্পদ তার নিকট চিরকাল থাকবে। (৪) কখনও নয় সে অবশ্যই হুতামায় নিক্ষিপ্ত হবে।

وَمَآ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝٥ نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝٦ الَّتِىْ تَطَّلِعُ

৫। অমা-আদ্‌রা-কা মাল্ হুত্বোয়ামাহ্ ৬। না-রুল্লা-হিল্ মূক্বাদাতু ৭। ল্লাতী তাত্ত্বোয়ালিউ'

(৫) আর আপনি কি জানেন, হুতামা কি? (৬) তা (হুতামা) আল্লাহর প্রজ্বলিত আগুন। (৭) যা (শরীর স্পর্শ করামাত্র) অন্তর

১ ع ৯ ২৯ রুকু

عَلَى الْاَفْـِٕدَةِ ۝٧ اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝٨ فِىْ عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝٩

'আলাল্ আফ্‌য়িদাহ্। ৮। ইন্নাহা- 'আলাইহিম্ মু'ছোয়াদাতুন্ ৯। ফী 'আমাদিম্ মুমাদ্দাহ্

পর্যন্ত গ্রাস করবে,। (৮) নিশ্চয়ই তা (সে আগুন) তাদের ওপর পরিবেষ্টিত করে দেয়া হবে, (৯) উঁচু উঁচু স্তম্ভসমূহে

সূরা ফীল্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ۝١ اَلَمْ يَجْعَلْ

১। আলাম্ তার কাইফা ফা'আলা রব্বুকা বিআছ্‌হা-বিল্ ফীল্। ২। আলাম্ ইয়াজ্ব্ 'আল্

(১) আপনি কি দেখেন নি, আপনার রব হস্তী বাহিনীর সাথে কি ব্যবহার করলেন (কা'বা গৃহের ধ্বংসের ব্যাপারে)?(২) তিনি কি তাদের

শানেনুযূল ঃ সূরা ফিল ঃ আবিসিনিয়া রাজার প্রতিনিধি 'আবরাহা' কাবার প্রতিদ্বন্দ্বিতায় ইয়ামেনের বিখ্যাত 'সানআ' শহরে নিজ খৃঃ ধর্মের নামে বহু অর্থ ব্যয়ে এক সুন্দর গির্জা নির্মাণ করলে আরবের কোরাইশরা এতে খুবই ব্যথিত হল। জনৈক আরব রাগান্বিত হয়ে নূতন কাবাতে পায়খানা করে দিল। ঘটনাক্রমে আগুন লাগিয়ে তা ভস্মীভূত হয়ে গেল; 'আবরাহা' ক্রোধান্বিত হয়ে বিশাল সৈন্য বাহিনী ও হস্তী দল নিয়ে কাবা গৃহ ধ্বংসের উদ্দেশ্যে রওয়ানা হয়ে হরম সীমায় ওয়াদি মুহাস্‌সাব্ নামক স্থানে পৌঁছলে সমুদ্র হতে সবুজ ও হলুদ রং এর ঝাঁকে ঝাঁকে আবাবিল নামক এক প্রকার ছোট ছোট পাখী মুখেও থাবায় প্রস্তর খণ্ড নিয়ে আবরাহা বাহিনীর উপর বর্ষণ করতে লাগল। খোদায়ী শক্তিতে প্রস্তরখণ্ডগুলো যার উপর পড়ত, এক দিকে ঢুকে অপরদিকে বের হয়ে যেত। এতে প্রায় সকলই নিহত হল। (ফাওঃ ওছঃ)

كَيْدَهُمْ فِي تَضْلِيلٍ ۝٣ وَأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيلَ ۝٤ تَرْمِيهِم

কাইদাহুম্ ফী তাদ্বলীলিঁও ৩। অ আর্সালা 'আলাইহিম্ ত্বোয়াইরন্ আবা-বীলা- ৪। তারমীহিম্ ১

কৌশলকে সম্পূর্ণ ব্যর্থ করে দেন নি? (৩) আর তিনি তাদের উপর ঝাঁকে ঝাঁকে আবাবিল পাখি প্রেরণ করলেন। (৪) যারা তাদের ع ৫

بِحِجَارَةٍ مِنْ سِجِّيلٍ ۝٥ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَأْكُولٍ ۝ ৩০ রুকু

বিহিজ্বা-রতিম্ মিন্ সিজ্জীলিন্ ৫। ফাজ্বা'আলাহুম্ কা'আছ্‌ফিম্ মা''কূল্।

উপর কঙ্কর জাতীয় প্রস্তরসমূহ নিক্ষেপ করেছিল (৫) অতঃপর আল্লাহ তাদেরকে ভক্ষণকৃত ঘাসের ন্যায় করে দিলেন।

সূরা কুরাইশ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪
রুকূ ঃ ১

۝١ لِإِيلَافِ قُرَيْشٍ ۝٢ إِيلَافِهِمْ رِحْلَةَ الشِّتَاءِ وَالصَّيْفِ ۝٣ فَلْيَعْبُدُوا

১। লিঈলা-ফি কু্‌রইশিন্। ২। ঈলা-ফিহিম্ রিহ্‌লাতাশ্ শিতা — য়ি অছ্‌ছোয়াইফ্। ৩। ফাল্‌ইয়া'বুদূ

(১) যেহেতু কুরাইশরা অভ্যস্ত হয়ে গিয়েছে, (২) শীত ও গ্রীষ্মকালে সফরের অভ্যাসে, (৩) সুতরাং তাদের উচিত এ ১

رَبَّ هَٰذَا الْبَيْتِ ۝٤ الَّذِي أَطْعَمَهُمْ مِنْ جُوعٍ وَآمَنَهُمْ مِنْ خَوْفٍ ۝ ع ৪ ৩১ রুকু

রব্বাহা-যাল্ বাইতি ৪। ল্লাযী আত্ব'আমাহুম্ মিন্ জ্বূ 'ইঁও ওয়া আ-মানাহুম্ মিন্ খাওফ্।

ঘরের (কা'বা) রবের ইবাদত করা, (৪) যিনি ক্ষুধায় তাদেরকে আহার দান করেছেন, ভয়-ভীতি হতে নিরাপদে রেখেছেন।

সূরা মা-উন্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৭
রুকূ ঃ ১

۝١ أَرَأَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالدِّينِ ۝٢ فَذَٰلِكَ الَّذِي يَدُعُّ الْيَتِيمَ ۝٣ وَلَا

১। আরয়াইতাল্লাযী- ইয়ুকায্‌যিবু বিদ্দীন্। ২। ফাযা-লিকাল্লাযী ইয়াদু'উ'ল্ ইয়াতীমা ৩। অলা-

(১) আপনি কি দেখেছেন, সেই ব্যক্তিকে যে দ্বীনকে মিথ্যা মনে করে? (২) সে তো ঐ ব্যক্তি যে, এতিমকে ধাক্কা দেয়। (৩) এবং

يَحُضُّ عَلَىٰ طَعَامِ الْمِسْكِينِ ۝٤ فَوَيْلٌ لِلْمُصَلِّينَ ۝٥ الَّذِينَ هُمْ عَنْ

ইয়াহুদ্দু 'আলা-তোয়া'আ- মিল্ মিসকীন্। ৪। ফাওয়াইলুল্লিল্ মুছোয়াল্লীনা। ৫। ল্লাযীনাহুম্ 'আন্

মিসকীনকে খাদ্যদানে উৎসাহিত করে না। (৪) অনন্তর ঐ নামায আদায়কারীর ধ্বংস, (৫) যারা নিজেদের নামায সম্বন্ধে

আয়াত-৪ঃ হুযূর (ছঃ) এর বংশের দ্বাদশ পুরুষ ছিলেন নযর ইবনে কেনানাহ। তাঁর বংশধররা হলেন কোরাইশ। তারা সকলে মক্কাতেই বসবাস করতেন। আরববাসীরা হজ্জে আগমন করলে তাঁকে মক্কার খাদেম হিসাবে দেখতেন। কোরাইশরাও তাঁর বাড়িতে গেলে তাঁর সম্মান ও মর্যাদা দিতেন, এটিই তাঁর জীবিকার উপকরণ ছিল। শীতকালে ইয়ামেন এবং গরমকালে সিরিয়া ভ্রমণ করত। হরমের সম্মানার্থে কোরাশদের নিকট চোর-ডাকাত আসত না। (মুঃ কোঃ) আয়াত-৫ঃ অর্থাৎ নামায কাযা করে অথবা জেনে শুনে শেষ সময়ে আদায় করে। (মুঃ কোঃ)
আয়াত-৭ঃ ব্যবহারের প্রয়োজনীয় সামান্য জিনিস যথাঃ সুঁচ, পাতিল, বাটি ও ডোল ইত্যাদি চাইলে দেয় না। আর এক অর্থ যাকাত দেয় না। নামাযে উদাসীনতার সাথে যাকাত দেয় না অর্থটার মিল আছে বিধায় মাওলানা থানভী (রঃ) এ অর্থই লিখেছেন। (বঃ কোঃ)

১ ع ৭ ৩২ রুকু
صَلَاتِهِمْ سَاهُونَ ۝٥ الَّذِينَ هُمْ يُرَاءُونَ ۝٦ وَيَمْنَعُونَ الْمَاعُونَ ۝٧

ছলা-তিহিম্ সা-হূন্ । ৬ । আল্লাযীনা হুম্ ইয়ুরা — য়ূনা ৭ । অইয়াম্ না'উনাল্ মা-'উন্ ।

উদাসীন, (৬) যারা লোক দেখানোর জন্য কাজ করে থাকে, (৭) সাধারণ জিনিস অন্যকে দান করা থেকে বিরত থাকে।

সূরা কাওছার্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

۝١ إِنَّا أَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ۝٢ فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ

১ । ইন্না ~ আ'ত্বোয়াইনা-কাল্ কাওছার্ । ২ । ফাছোয়াল্লি লিরব্বিকা ওয়ানহার্ ।

(১) নিশ্চয়ই আমি আপনাকে কাউছার প্রদান করলাম ।(২) অতএব আপনি আপনার রবের জন্য নামায পড়ুন ও কোরবানী করুন।

১ ع ৩ ৩৩ রুকু
۝٣ إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ

৩ । ইন্না শা ~ নিয়াকা হুওয়াল্ আব্তার্ ।

(৩) নিশ্চয়ই আপনার শত্রুরাই নির্বংশ।

সূরা কা-ফিরূন্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

۝١ قُلْ يٰٓأَيُّهَا الْكٰفِرُوْنَ ۝٢ لَآ أَعْبُدُ مَا تَعْبُدُوْنَ ۝٣ وَلَآ أَنْتُمْ

১ । ক্বুল্ ইয়া ~ আইয়ুহাল্ কা-ফিরূনা । ২ । লা ~ আ'বুদু মা তা'বুদূনা । ৩ । অলা ~ আন্তুম্

(১) (আপনি) বলে দিন, হে কাফেররা! (২) আমি তার গোলামী করি না, যার গোলামী তোমরা কর। (৩) তোমরাও তার

عٰبِدُوْنَ مَآ أَعْبُدُ ۝٤ وَلَآ أَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ ۝٥ وَلَآ أَنْتُمْ

'আ-বিদূনা মা ~ আ'বুদ্ । ৪ । অলা ~ আনা 'আ-বিদুম্ মা-'আবাততুম্ । ৫ । অলা ~ আন্তুম্

গোলাম নও, যাঁর গোলামী আমি করি। (৪) আমি গোলাম নই তার, যার গোলামী তোমরা কর। (৫) তোমরাও তার

১ ع ৬ ৩৪ রুকু
عٰبِدُوْنَ مَآ أَعْبُدُ ۝٦ لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ

'আ-বিদূনা মা ~ আ'বুদ্ । ৬ । লাকুম্ দীনুকুম্ অলিয়াদীন্ ।

গোলাম নও, যার গোলামী আমি করি। (৬) তোমাদের কাজের পরিণাম ফল তোমাদের, আমার কাজের পরিণাম ফল আমার।

শানেনুযূল ঃ সূরা কাফিরূন ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, ওলীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়ায়েল, আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিব ও উমাইয়া ইবনে খলফ হুযুর (ছঃ)-এর কাছে এসে বলল যে, এক বছর আপনি আমাদের উপাস্যদের ইবাদত করবেন এবং এক বছর আমরা আপনার উপাস্যের ইবাদত করব। (কুরতবী) তিবরানীর রিওয়ায়তে ইবনে আব্বাস (রাঃ) বর্ণনা করেন, কাফেররা প্রথমে পারস্পরিক শান্তির স্বার্থে হুযুর (ছঃ)-কে এ প্রস্তাব করল যে, আমরা আপনাকে এত বিপুল পরিমাণে ধনৈশ্বর্য দেব যে, এতে আপনি মক্কার সর্বাধিক ধনাঢ্য ব্যক্তি হয়ে যাবেন। আপনি যে মহিলাকে ইচ্ছা বিবাহ করতে পারবেন। বিনিময়ে শুধু আমাদের উপাস্যদেরকে মন্দ বলবেন না। এটাও না মানলে, এক বছর আমরা আপনার উপাস্যের ইবাদত করব এবং একবছর আপনি আমাদের উপাস্যদের ইবাদত করবেন। তাদের এ আপোসমূলক কথার জবাবে এ সূরা অবতীর্ণ হয়। (মাযহারী)

সূরা নাছ্‌র্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩
রুকূ ঃ ১

﴿١﴾ إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ ﴿٢﴾ وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ

১। ইযা-জা — য়া নাছ্‌রুল্লা-হি অল্‌ফাত্‌হু ২। অরয়াইতান্না-সা ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্

(১) (হে মুহাম্মদ!) যখন আল্লাহর সাহায্য ও বিজয় এসে পৌছবে, (২) আর আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে

اللَّهِ أَفْوَاجًا ﴿٣﴾ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا

লা-হি আফ্‌ওয়া-জা-। ৩। ফাসাব্বিহ্ বিহাম্‌দি রব্বিকা অস্‌তাগ্‌ফিরহু; ইন্নাহূ কা-না তাওয়্যা-বা-।

প্রবেশ করতে দেখবেন,(৩) তখন আপনার রবের প্রশংসাসহ মহিমা বর্ণনা করুন, ক্ষমা চান, তিনিই তাওবা কবূলকারী।

ওয়াক্‌ফুন্নবী (ছাঃ)

১ ع ৩ ৩৫ রুকূ

সূরা লাহাব্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

﴿١﴾ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ ﴿٢﴾ مَا أَغْنَىٰ عَنْهُ مَالُهُ وَمَا كَسَبَ ﴿٣﴾ سَيَصْلَىٰ

১। তাব্বাত্ ইয়াদা ~ আবী লাহাবিঁও অতাব্। ২। মা ~ আগ্‌না-'আন্‌হু মা-লুহূ অমা-কাসাব্ ৩। সাইয়াছ্‌লা-

(১) ধ্বংস হোক, আবু লাহাবের দুই হাত, আর সে নিজেও ধ্বংস হোক। (২) তার ধন ও উপার্জন কোন কাজে আসবে না।(৩) শ্রীঘ্রই

نَارًا ذَاتَ لَهَبٍ ﴿٤﴾ وَامْرَأَتُهُ حَمَّالَةَ الْحَطَبِ ﴿٥﴾ فِي جِيدِهَا حَبْلٌ مِنْ مَسَدٍ

না-রন্ যা-তা লাহাবিঁও। ৪। অম্‌রয়াতুহু; হাম্মা-লাতাল্ হাত্বোয়াব্। ৫। ফী জ্বীদিহা-হাব্‌লুম্ মিম্ মাসাদ্।

সে অগ্নির লেলিহান শিখায় জ্বলবে।(৪) তার স্ত্রীও, যে কাষ্ঠ বহনকারিণী। (৫) তার গলায় থাকবে পাকানো রশি।

১ ع ৫ ৩৬ রুকূ

সূরা ইখ্‌লা-ছ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪
রুকূ ঃ ১

﴿١﴾ قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ﴿٢﴾ اللَّهُ الصَّمَدُ ﴿٣﴾ لَمْ يَلِدْ

১। ক্বুল্ হুওয়াল্লা-হু আহাদ্। ২। আল্লা-হুচ্ছমাদ্। ৩। লাম্ ইয়ালিদ্

(১) (হে মুহাম্মদ!) আপনি বলে দিন, আল্লাহ এক, (২) আল্লাহ কারোমুখাপেক্ষী নন, (৩) তিনি কাউকে জন্মও দেন নি,

শানেনুযূল ঃ সূরা লাহাব ঃ আবূ ল্যাহাব ছিল রাসূলুল্লাহ (ছঃ)-এর চাচা। কুফুরীর কারণে সে রাসূল (ছঃ) এর ঘোর শত্রু ছিল। রাসূলুল্লাহ (ছঃ) একদা আল্লাহর নির্দেশে আত্মীয়দেরকে সাফা পাহাড়ে সমবেত করে দ্বীনের দাওয়াত দিচ্ছিল। আবূ লাহাব ক্রোধান্বিত হয়ে বলল, তোমার সর্বনাশ হোক এজন্যই কি আমাদেরকে ডেকেছ ? এ প্রসঙ্গে এই সুরাটি অবতীর্ণ হয়। তার স্ত্রী উম্মে জামীলও রাসূলুল্লাহ (ছঃ)-এর সাথে শত্রুতা পোষণ করত। এ সূরাতে তারও নিন্দাবাদ করা হয়। এ সূরার ভবিষ্যত বাণী অনুযায়ী বদরের যুদ্ধের সাত দিন পরে আবূ লাহাব প্লেগ রোগে আক্রান্ত হল। সংক্রামক রোগ বিধায় ঘরের লোকেরাও ভয়ে অন্যত্র রেখে আসল, তার মৃত্যুর তিন দিন পর গর্ত করে পাথর চাপা দিয়ে রাখা হল। (তাফঃ মাহঃ, বঃ কোঃ)

১ ع ৪ ৩৭ রুকু

وَلَمْ يُوْلَدْ ④ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۞

অলাম্ ইয়ূলাদ্। ৪। অলাম্ ইয়া কুল্লাহূ কুফুওয়ান্ আহাদ্।

আর তিনি জন্ম প্রাপ্তও নন। (৪) আর তাঁর সমতুল্যও কেউ নেই।

সূরা ফালাক্ব
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫
রুকূ ঃ ১

① قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ② مِنْ شَرِّ مَا خَلَقَ ③ وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا

১। ক্বুল্ আ'উযু বিরব্বিল্ ফালাক্বি। ২। মিন্ শার্‌রি মা-খলাক্ব। ৩। অমিন্ শার্‌রি গ-সিক্বিন্ ইযা-

(১) (হে মুহাম্মদ!) আপন বলে দিন, আশ্রয় চাই ঊষার রবের, (২) তাঁর সৃষ্টির অনিষ্ট হতে, (৩) অন্ধকার রাতের অনিষ্ট

১ ع ৫ ৩৮ রুকু

وَقَبَ ④ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ⑤ وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۞

অক্বাব্। ৪। অমিন্ শার্‌রি ন্নাফ্ফা-ছা-তি ফিল্ 'উক্বাদ্। ৫। অমিন্ শার্‌রি হা-সিদিন্ ইযা-হাসাদ্।

হতে যখন তা হয় গভীর ,(৪) আর গিরায় ফুঁ দান কারিণীর অনিষ্ট হতে, (৫) আর হিংসাকারীর হিংসার অনিষ্ট হতে।

সূরা না-স্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬
রুকূ ঃ ১

① قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ② مَلِكِ النَّاسِ ③ اِلٰهِ النَّاسِ ۞

১। ক্বুল্ আ'উযু বিরব্বিন্না-স্। ২। মালিকিন্না-স্ । ৩। ইলা-হি ন্না-স্

(১) বলুন, আশ্রয় চাই মানুষের রবের (২) মানুষের মালিকের (৩) মানুষের ইলাহের

④ مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ ⑤ الَّذِىْ يُوَسْوِسُ

৪। মিন্ শার্‌রিল ওয়াস্ ওয়া-সিল্ খান্না-সি ৫। ল্লাযী ইউওয়াস্ওয়িসু

(৪) তার অনিষ্ট হতে যে কুমন্ত্রণা প্রদান করে ,(৫) আর যে মানুষের মনে

১ ع ৬ ৩৯ রুকু

فِىْ صُدُوْرِ النَّاسِ ⑥ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۞

ফী ছুদূরিন্না-স্। ৬। মিনাল্ জ্বিন্নাতি অন্না-স্।

কুমন্ত্রণা প্রদান করে, (৬) জিন হোক, আর মানুষ হোক।

শানেনুযূল ঃ সূরা না-স ও ফালাক্ব ঃ বোখারী, মুসলিম ও বিশুদ্ধ হাদীসে বর্ণিত আছে যে, লবীদ নামক জনৈক ইহুদী তার কন্যাদের দ্বারা রাসূলুল্লাহ (ছঃ) এর উপর যাদু করেছিল। ফলে তিনি প্রায় এক বছর পর্যন্ত কিছুটা কষ্ট অনুভব করেন। কিন্তু তিন দিন ভীষণ অসুস্থ হয়ে পড়লেন, তখন আল্লাহ জিব্রাঈল (আঃ) এর মাধ্যমে ফালাক ও নাস এ সুরাদ্বয় অবতীর্ণ করেন। যাদুকারিণীরা রাসূল (ছঃ) এর আঁচড়ানো চুল ও চিরুনীর দাঁতের উপর যাদু-মন্ত্র পড়ে ১১টি গিরা দিয়েছিল। সূরা দুটিতেও ১১টি আয়াত আছে। একটি আয়াত পাঠে একটি গিরা খুলে যেত। এভাবে ১১টি আয়াত পাঠান্তে ১১টি গিরা খুলে গেল। আর হুযূর (ছঃ) সম্পূর্ণ সুস্থ হয়ে গেলেন। আয়াত-৬ঃ 'খান্না-স' সে শয়তান, যার অভ্যাস হল, আল্লাহকে স্মরণকারলে সে দূরে সরে যায়। আর বান্দাহ গাফেল হলে সে এসে কু-প্ররোচনা দেয়। (বুখারী)